গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.১৫.০০১.২০.১৫৭

তারিখ: ২ ভাদ্র ১৪২৭
১৭ আগস্ট ২০২০

বিষয়: **রাজস্ব খাতভুক্ত ১০ম থেকে ২০তম গ্রেডের (পূর্বতন তৃতীয় ও চতুর্থ শ্রেণির) কর্মচারীদের অনলাইনে পি.ডি.এস. পূরণ প্রসঙ্গে।**

সূত্র: এ অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০২.১৫.০০১.২০.৬৮ তারিখ: ০২ জুলাই, ২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও আওতাধীন দপ্তর এবং সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত ১০ম থেকে ২০তম গ্রেডের (পূর্বতন তৃতীয় ও চতুর্থ শ্রেণির) রাজস্ব খাতভুক্ত কর্মচারীদের ০৭ জুলাই, ২০২০ তারিখ হতে ১৬ জুলাই, ২০২০ তারিখের মধ্যে অনলাইনে স্বয়ংসম্পূর্ণ পি.ডি.এস. পূরণের নির্দেশনা প্রদান করা হয়েছিল। ই.এম.আই.এস. সেল হতে প্রাপ্ত তথ্য মতে ইতোমধ্যে অধিকাংশ কর্মচারীর পি.ডি.এস. রেজিস্ট্রেশন সম্পূর্ণ হয়েছে এবং বর্তমানে অনলাইনে পি.ডি.এস. ফরমে তথ্য পূরণ ও হালনাগাদের কাজ চলমান রয়েছে। এ পরিপ্রেক্ষিতে বর্ণিত কর্মচারীদের অনলাইনে পি.ডি.এস. রেজিস্ট্রেশন ও পূরণের সময়সীমা আগামী ২৬ আগস্ট, ২০২০ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। আগামী ২৬ আগস্ট, ২০২০ তারিখের পরে রাজস্ব খাতভুক্ত কর্মচারীদের জন্য অনলাইনে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পূর্ণরূপে বন্ধ করা হবে। অর্থাৎ আগামী ২৬ আগস্ট, ২০২০ তারিখের পরে রাজস্ব খাতভুক্ত কোন কর্মচারী নতুন করে পি.ডি.এস. রেজিস্ট্রেশন করতে পারবেন না। তবে, অনলাইনে পি.ডি.এস হালনাগাদকরণ/তথ্য অন্তর্ভুক্তকরণ উন্মুক্ত থাকবে। এই সময়সীমার মধ্যে যদি কোন দপ্তর/সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের রাজস্ব খাতভুক্ত ১০ম থেকে ২০তম গ্রেডের (পূর্বতন তৃতীয় ও চতুর্থ শ্রেণির) কর্মচারীর পি.ডি.এস. রেজিস্ট্রেশন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্মচারী এবং দপ্তর/প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা যাচ্ছে। অন্যথায় রেজিস্ট্রেশন প্রক্রিয়া নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা না হলে পরবর্তীতে যে কোনো জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্টগণের উপরই এর দায়ভার বর্তাবে।

এমতাবস্থায়, বর্ণিত কর্মচারীদের পি.ডি.এস. রেজিস্ট্রেশন ও পূরণের শতভাগ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সংযুক্ত নির্দেশনার আলোকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
**সংযুক্তি:** বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

১৭-৮-২০২০
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ :
১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
২) পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (সকল)
৩) অধ্যক্ষ, সকল সরকারি কলেজ
৪) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
৫) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
৬) প্রধান শিক্ষক/শিক্ষিকা, সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়
৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.১৫.০০১.২০.১৫৭/১(১৬৩)

তারিখ: ২ ভাদ্র ১৪২৭
১৭ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

৩) প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।

৪) উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।

৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

৬) সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।

৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা (পত্রটি সংযুক্তিসহ মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ ও পত্র সংশ্লিষ্ট কার্যক্রমটি যথাযথভাবে মনিটরিংয়ের অনুরোধসহ)

৮) প্রশাসনিক কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।

৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।

১০) প্রধান সহকারী (সকল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা {তাঁর শাখার কোন কর্মচারীর পিডিএস পূরণে যদি কোন সমস্যা হয় তাহলে জনাব আহসানুল হাবীব পিএটু উপপরিচালক (সা: প্র:) এর নিকট প্রয়োজনীয় তথ্য প্রদান করার অনুরোধসহ}

১১) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

১২) সংরক্ষণ নথি।

১৭-৮-২০২০
মোঃ রুহুল মমিন
উপপরিচালক

**রাজস্ব খাতভুক্ত কর্মচারীদের অনলাইন পি.ডি.এস. পূরণ/হালনাগাদকরণে দপ্তর/ প্রতিষ্ঠান প্রধানদের করনীয়:**

১। সরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ)-এর প্রধানগণ পত্রে বর্ণিত তাঁর প্রতিষ্ঠানের রাজস্ব খাতভুক্ত সকল কর্মচারীর পি.ডি.এস. অনলাইনে হালনাগাদ আগামী ২৬ আগস্ট, ২০২০ তারিখের মধ্যে শতভাগ নিশ্চিত করবেন। অতঃপর আগামী ২৬ আগস্ট অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের সকল কর্মচারীর তথ্য সংযুক্ত নমুনা ছক মোতাবেক Excel Format-এ এবং Nikosh Font-এ সফট কপি সংশ্লিষ্ট থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে ই-মেইল যোগে প্রেরণ করবেন। এইচএসটিটিআই এর কর্মচারীদের তথ্য সরাসরি সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের দপ্তরে ই-মেইলে প্রেরণ করতে হবে।

২) থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সরকারি স্কুলসমূহের জন্য একটি, সরকারি কলেজসমূহের জন্য একটি এবং তাঁর নিজের দপ্তরের রাজস্ব খাতভুক্ত কর্মচারীদের জন্য একটি মোট ৩টি তালিকা প্রস্তুত করে সফট কপি আগামী ২৭ আগস্ট, ২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসের ই-মেইলে প্রেরণ করবেন।

৩) জেলা শিক্ষা অফিসার প্রাপ্ততথ্যের ভিত্তিতে তাঁর জেলার সরকারি স্কুলসমূহের জন্য একটি, সরকারি কলেজসমূহের জন্য একটি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসসমূহের জন্য একটি এবং তাঁর নিজের দপ্তরের রাজস্ব খাতভুক্ত কর্মচারীদের জন্য একটিসহ মোট ৪টি তালিকা প্রস্তুত করে Excel Format-এ সরকারি কলেজের তালিকা সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকের নিকট এবং সরকারি স্কুল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস এবং জেলা শিক্ষা অফিসের কর্মচারীদের তালিকা সংশ্লিষ্ট আঞ্চলিক উপপরিচালকের নিকট আগামী ০১ সেপ্টেম্ব, ২০২০ তারিখের মধ্যে ই-মেইলে প্রেরণ করবেন।

৪) আঞ্চলিক পরিচালকগণ তাঁর আওতাধীন সকল সরকারি কলেজেসমুহের কর্মচারীদের প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে একটি সমন্বিত তালিকা এবং এইচএসটিটিআই-এর কর্মচারীদের জন্য একটি পৃথক তালিকা প্রস্তুত করে সফট কপি (Excel Format-এ এবং Nikosh Font-এ) আগামী ০৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখের মধ্যে মাউশি অধিদপ্তরের pdsdshe@gmail.com ই-মেইলে প্রেরণ করবেন।

৫) আঞ্চলিক উপপরিচালকগণ তাঁর আওতাধীন জেলা শিক্ষা অফিসসমূহ হতে প্রাপ্ত তথ্য এবং তাঁর নিজের দপ্তরের কর্মচারীদের পিডিএস হালনাগাদের তথ্যসহ মোট চারটি (প্রতিষ্ঠান, উপজেলা, জেলা ও অঞ্চল) পৃথক তালিকা প্রস্তুত করে সফট কপি (Excel Format-এ এবং Nikosh Font-এ) আগামী ০৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখের মধ্যে মাউশি অধিদপ্তরের pdsdshe@gmail.com ই-মেইলে প্রেরণ করবেন।

৬) সরকারি স্কুলের শিক্ষক, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী (যারা নতুনভাবে এম.পি.ও.ভুক্তির জন্য আবেদন দাখিল করবেন তাঁরা ব্যতীত), নতুন জাতীয়করণকৃত সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল শিক্ষক/কর্মচারীদের এখনও এডহক নিয়োগ প্রদান করা হয়নি এবং যারা প্রকল্পের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হয়ে এখনও উন্নয়ন খাত হতে বেতন-ভাতা গ্রহণ করছেন অথবা যাদের চাকরি এখনও রাজস্বখাতে স্থানান্তর হয়নি তাদের আপাততঃ পি.ডি.এস. রেজিস্ট্রেশন/পূরণ করার প্রয়োজন নাই। এ বিষয়ে পরবর্তীতে প্রয়োজনীয় নির্দেশনা ও সময়সূচী প্রদান করা হবে।

৭) পি.ডি.এস. সংক্রান্ত কারিগরি সহযোগিতা প্রদানের জন্য আঞ্চলিক পরিচালকের দপ্তরের সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ারগণ এবং সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসের সহকারী প্রোগ্রামারগণ দায়িত্বে নিয়োজিত থাকবেন। সরকারি কলেজ, এইচএসটিটিআই, টিটিসি এবং সরকারি স্কুলের কর্মচারীদের অনলাইনে পি.ডি.এস. রেজিস্ট্রেশন ও অনুমোদন প্রতিষ্ঠান প্রধানগণ করবেন। অঞ্চলের অন্যান্য দপ্তর সমূহের কর্মচারীদের অনলাইনে পি.ডি.এস. রেজিস্ট্রেশন ও অনুমোদন আঞ্চলিক প্রোগ্রামারগণ করবেন। পিডিএস পূরণে যে কোন সমস্যা পরিলক্ষিত হলে তা উল্লেখপূর্বক জেলা ও আঞ্চলিক কার্যালয়ের সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ারের সাথে ফোনে যোগাযোগ ও প্রয়োজনে ই-মেইল প্রেরণ করতে হবে। পি.ডি.এস. পূরণে ক্ষেত্রে প্রতিষ্ঠানভিত্তিক সকল সমস্যা একীভূত করে ই-মেইল প্রেরণ করতে হবে। যে জেলা শিক্ষা অফিসে সহকারী প্রোগ্রামারের পদ খালি আছে সে জেলা হতে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার এর সাথে সরাসরি যোগাযোগ করা যাবে। সংশ্লিষ্টদের ই-মেইল ঠিকানা emis.gov.bd ওয়েব সাইটের Help Line এ পাওয়া যাবে।

৮) আগামী ২৬ আগস্ট, ২০২০ তারিখের পর আর কোনভাবেই এই সময়সীমা বৃদ্ধি করা হবে না।

## সফট কপির জন্য Excel Format-এর ছক

সরকারি স্কুল ও কলেজের জন্য (সরকারি টিটি কলেজসহ)

| ক্রমিক নং | অঞ্চল | জেলা | উপজেলা | প্রতিষ্ঠানের EIIN | প্রতিষ্ঠানের নাম | পি.ডি.এস. আইডি | কর্মচারীর নাম | মূল পদবী | বর্তমান পদবী | নিজ জেলা | জাতীয় পরিচয়পত্র নম্বর | চাকরিতে প্রথম যোগদানের তারিখ | মোবাইল নম্বর | ই-মেইল নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১ | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | |

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের জন্য

| ক্রমিক নং | দপ্তরের নাম | উপজেলা | জেলা | অঞ্চল | পি.ডি.এস. আইডি | কর্মচারীর নাম | মূল পদবী | বর্তমান পদবী | নিজ জেলা | জাতীয় পরিচয়পত্র নম্বর | চাকরিতে প্রথম যোগদানের তারিখ | মোবাইল নম্বর | ই-মেইল নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | | | | | | | | | | | | |
| ২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | | | | | | | | | | | | |
| ৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | | | | | | | | | | | | |

জেলা শিক্ষা অফিসের জন্য

| ক্রমিক নং | দপ্তরের নাম | জেলা | অঞ্চল | পি.ডি.এস. আইডি | কর্মচারীর নাম | মূল পদবী | বর্তমান পদবী | নিজ জেলা | জাতীয় পরিচয়পত্র নম্বর | চাকরিতে প্রথম যোগদানের তারিখ | মোবাইল নম্বর | ই-মেইল নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | জেলা শিক্ষা অফিস | | | | | | | | | | | |
| ২ | জেলা শিক্ষা অফিস | | | | | | | | | | | |
| ৩ | জেলা শিক্ষা অফিস | | | | | | | | | | | |

আঞ্চলিক উপপরিচালকের কার্যালয়ের জন্য

| ক্রমিক নং | দপ্তরের নাম | অঞ্চল | পি.ডি.এস. আইডি | কর্মচারীর নাম | মূল পদবী | বর্তমান পদবী | নিজ জেলা | জাতীয় পরিচয়পত্র নম্বর | চাকরিতে প্রথম যোগদানের তারিখ | মোবাইল নম্বর | ই-মেইল নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | আঞ্চলিক উপপরিচালকের কার্যালয় | | | | | | | | | | |
| ২ | আঞ্চলিক উপপরিচালকের কার্যালয় | | | | | | | | | | |
| ৩ | আঞ্চলিক উপপরিচালকের কার্যালয় | | | | | | | | | | |

HSTTI-এর জন্য

| ক্রমিক নং | দপ্তরের নাম | জেলা | অঞ্চল | পি.ডি.এস. আইডি | কর্মচারীর নাম | মূল পদবী | বর্তমান পদবী | নিজ জেলা | জাতীয় পরিচয়পত্র নম্বর | চাকরিতে প্রথম যোগদানের তারিখ | মোবাইল নম্বর | ই-মেইল নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট | | | | | | | | | | | |
| ২ | উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট | | | | | | | | | | | |
| ৩ | উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট | | | | | | | | | | | |

বি: দ্র: সকল তথ্য Nikosh Font-এ পূরণ করতে হবে।